

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১৩৩৪

তারিখ : ২৮ আগস্ট ২০১৬

বিষয় : ৬টি উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে বিভিন্ন ক্যাটাগরীর ২৪(চব্বিশ)টি পদ অস্থায়ীভাবে নিয়োগের ছাড়পত্র প্রদান।

স্থানীয় সরকার বিভাগের ০৩ আগস্ট ২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১২৩০ সংখ্যক পত্রে জারিকৃত নবসৃষ্ট ০৮টি উপজেলা পরিষদের মধ্যে ০৬টি উপজেলা পরিষদের (ময়মনসিংহ জেলার তারাকান্দা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর, রাজবাড়ী জেলার কালুখালী, পটুয়াখালী জেলার রাঙ্গাবালী, বরগুনা জেলার তালতলী, নাটোর জেলার নলডাঙ্গা) জন্য রাজস্ব খাতে সৃজিত নিম্নলিখিত ০৩টি ক্যাটাগরীর মোট ৩২টি পদে অস্থায়ীভাবে নিয়োগের ছাড়পত্র নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্রমিক | পদের নাম | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত পদ | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতনক্রম |
|--------|---|---------------------------------------|---|
| ১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১ X ৬ = ৬(ছয়)টি | ১০২০০-২৪৬৮০ (১৪ নং স্কেল) |
| ২ | গাড়ি চালক | ১ X ৬ = ৬(ছয়)টি | ৯৩০০-২২৪৯০ (১৬ নং স্কেল) |
| ৩ | অফিস সহায়ক | ২ X ৬ = ১২ (বার)টি | ৮২৫০-২০০১০/- (২০ নং স্কেল) |
| | মোট= | ২৪(চব্বিশ) টি | |

নিয়োগের শর্তাবলী :

- ২। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতন-ভাতাদি ২০১৬-২০১৭ অর্থ বছরের রাজস্ব বাজেটের মঞ্জুরি সংখ্যা-৩৩ এর আওতায়-৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৩৭০৫-স্বয়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান, ৩৬০১-উপজেলা হস্তান্তরিত বিষয়াবলী, ৫৯০০ সাহায্য মঞ্জুরী খাতের ৫৯০১ সাধারণ মঞ্জুরী উপখাত হতে নির্বাহ করা হবে।
- ৩। বর্ণিত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এস.আর.ও নং-৩৮৭-আইন/২০১০) ও এতদসংক্রান্ত বিদ্যমান সকল পরিপত্র/নীতিমালা/সার্কুলার/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।
- ৪। উল্লিখিত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে, ২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ৫। বর্ণিত পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের নাম, পিতা ও মাতার নাম, পদবী, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), বেতনস্কেল, শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর নামযুক্ত সীলসহ স্বাক্ষরে সরাসরি যুগ্মসচিব (উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৬। এ ছাড়পত্রের মেয়াদ এ পত্র জারীর তারিখ হতে ৬(ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

J.M.
(ড. জুলিয়া মর্সন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

বিতরণ (কার্যার্থে):

১। চেয়ারম্যান

তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ/বিজয়নগর উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া/কালুখালী উপজেলা পরিষদ, রাজবাড়ী/রাঙ্গাবালী উপজেলা পরিষদ, পটুয়াখালী/তালতলী উপজেলা পরিষদ, বরগুনা/নলডাঙ্গা উপজেলা পরিষদ, নাটোর।

২। উপজেলা নির্বাহী অফিসার

তারাকান্দা, ময়মনসিংহ/বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া/কালুখালী, রাজবাড়ী/রাঙ্গাবালী, পটুয়াখালী/তালতলী, বরগুনা/নলডাঙ্গা, নাটোর।

নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১৩৩৪

তারিখ : ২৮ আগস্ট ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট),.....জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট),.....উপজেলা,.....জেলা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকা।
- ৮। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট),.....উপজেলা,জেলা।
- ৯। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব